**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/21/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল 19টি নতুন সার্টিফাইড ক্লাইমেট স্মার্ট কমিউনিটির ঘোষণা করেছেন

***স্থানীয় কার্যক্রমগুলো স্টেটের জলবায়ু বিষয়ক নেতৃত্ব এবং কমিউনিটি সুরক্ষা আইন বাস্তবায়নে সমর্থন করে***

***সার্টিফাইড কমিউনিটিগুলো গ্রীনহাউস গ্যাস নির্গমন হ্রাস এবং স্থানীয় জলবায়ুর স্থিতিস্থাপকতা তৈরির মডেলস্বরূপ***

***নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অব হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল ক্লাইমেট স্মার্ট কমিউনিটি প্রোগ্রামে যোগদান করে***

***নিউ ইয়র্ক স্টেটের আর্থ ডে 2023 সালের ঘোষণাটি পড়ুন এখানে***

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক স্টেটের ক্লাইমেট স্মার্ট কমিউনিটি প্রোগ্রামের অংশ হিসেবে সার্টিফিকেশন অর্জনের জন্য কমিউনিটির সর্বশেষ রাউন্ড ঘোষণা করেছেন যা জলবায়ু পরিবর্তনের কারণে সৃষ্ট অর্থনৈতিক, সামাজিক এবং পরিবেশগত চ্যালেঞ্জগুলো মোকাবেলায় স্থানীয় প্রচেষ্টাকে সমর্থন করে। ঘোষণাটি 19টি স্থানীয় সরকার কর্তৃক জলবায়ু পরিবর্তন মোকাবেলা করা এবং মানিয়ে নিতে অর্থপূর্ণ পদক্ষেপ গ্রহণের ইঙ্গিত দেয়। নিউ ইয়র্কের সপ্তাহব্যাপী আর্থ উইক (Earth Week) উদযাপন জুড়ে ঘোষণাটি করা হয়েছিল। এছাড়াও গভর্নর নিউ ইয়র্ক স্টেটে 22 এপ্রিল, 2023 তারিখকে আর্থ ডে হিসেবে মনোনীত করে একটি ঘোষণা প্রকাশ করেছেন।

"এই আর্থ উইকে, আমরা একটি পরিবেশবান্ধব, আরো টেকসই ভবিষ্যত গড়ার দিকে নিউ ইয়র্কের অগ্রগতি উদযাপন করছি এবং এই লক্ষ্যগুলো অর্জনে ক্লাইমেট স্মার্ট কমিউনিটি প্রোগ্রাম হলো আমাদের সাহায্য করার চাবিকাঠি," **গভর্নর হোকল বলেন।** "এই সহযোগিতামূলক কর্মসূচি স্থানীয় সরকারগুলোকে আমাদের পরিবর্তিত জলবায়ুর চ্যালেঞ্জ মোকাবেলায় পদক্ষেপ গ্রহণের সক্ষমতা প্রদান করে। জলবায়ু পরিবর্তনের চলমান প্রভাবের সাথে খাপ খাইয়ে নিতে এবং বৈরি আবহাওয়ার সাথে কমিউনিটির স্থিতিস্থাপকতা বাড়াতে পারে এমন ব্যবস্থা বাস্তবায়নের জন্য আমি এই কমিউনিটিগুলোকে সাধুবাদ জানাই।"

ক্লাইমেট স্মার্ট কমিউনিটি (Climate Smart Community) সার্টিফিকেশন অর্জনের জন্য, স্থানীয় সরকারগুলো পরিকল্পনা এবং বাস্তবায়ন কার্যক্রমের জন্য পয়েন্ট সংগ্রহ করে যা গ্রিনহাউস গ্যাস নির্গমন হ্রাস করে এবং জলবায়ু পরিবর্তনের ক্রমবর্ধমান প্রভাবগুলোর ক্ষেত্রে কমিউনিটির স্থিতিস্থাপকতা উন্নত করে। সম্প্রতি, 14টি নতুন কমিউনিটি সাফল্যের সাথে ব্রোঞ্জ স্তরে নেতা হিসেবে নতুনভাবে স্বীকৃত হওয়ার মানদণ্ড পূরণ করেছে এবং বেডফোর্ড শহর ব্রোঞ্জ থেকে রৌপ্য পদে উন্নীত হয়েছে যা কৃতিত্বের সর্বোচ্চ স্তর।

**ক্যাপিটাল রিজিয়ন**
টাউন অব কানান (কলম্বিয়া কাউন্টি) - ব্রোঞ্জ
টাউন অব চাথাম (কলম্বিয়া কাউন্টি) - ব্রোঞ্জ
টাউন অব কলোনি (অ্যালবানি কাউন্টি) - ব্রোঞ্জ
কলম্বিয়া কাউন্টি - ব্রোঞ্জ
টাউন অব ঘেন্ট (কলম্বিয়া কাউন্টি) - ব্রোঞ্জ
টাউন অব হিলসডেল (কলম্বিয়া কাউন্টি) - ব্রোঞ্জ
ভিলেজ অব কিন্ডারহুক (কলম্বিয়া কাউন্টি) - ব্রোঞ্জ
টাউন অব তাগকানিক (কলম্বিয়া কাউন্টি) - ব্রোঞ্জ

**সেন্ট্রাল নিউ ইয়র্ক**
ভিলেজ অব ফায়েটভিল (ওনোন্ডাগা কাউন্টি) - ব্রোঞ্জ
ভিলেজ অব টুলি (ওনোন্ডাগা কাউন্টি) - ব্রোঞ্জ

**ফিঙ্গার লেকস**
টাউন অব হেনরিয়েটা (মনরো কাউন্টি) - ব্রোঞ্জ
মনরো কাউন্টি - ব্রোঞ্জ
ভিলেজ অব সোডাস (ওয়াইন কাউন্টি) - ব্রোঞ্জ

**মধ্য-হাডসন**
টাউন অব বেডফোর্ড (ওয়েস্টচেস্টার কাউন্টি) - সিলভার
টাউন অব হার্লি (আলস্টার কাউন্টি) - ব্রোঞ্জ
টাউন অব ইউনিয়ন ভ্যালে (ডাচেস কাউন্টি) - ব্রোঞ্জ
ভিলেজ অব ওয়ারউইক (অরেঞ্জ কাউন্টি) - ব্রোঞ্জ
সিটি অব হোয়াইট প্লেইন্স (ওয়েস্টচেস্টার কাউন্টি) - ব্রোঞ্জ

**সাউদার্ন টিয়ার**
টাউন অব নিউফিল্ড (টম্পকিনস কাউন্টি) - ব্রোঞ্জ

সার্টিফাইড ক্লাইমেট স্মার্ট কমিউনিটি কর্তৃক সম্পন্নকৃত কার্যক্রমের একটি পূর্ণাঙ্গ তালিকা পাওয়া যাবে [এখানে]।

এছাড়াও গভর্নর আরো ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অব হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (HCR) হলো স্টেটের ইন্টারএজেন্সি ক্লাইমেট স্মার্ট কমিউনিটির প্রচেষ্টায় নতুন অংশগ্রহণকারী যাতে স্থানীয় সরকারগুলোকে গ্রিনহাউস গ্যাস নির্গমন কমাতে এবং জলবায়ু পরিবর্তনের প্রভাবগুলোর ব্যাপারে প্রস্তুতি নেওয়ার জন্য পদক্ষেপ গ্রহণের জন্য উৎসাহিত ও সহায়তা করা হয়। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC), ডিপার্টমেন্ট অব পাবলিক সার্ভিস (Department of Public Service), ডিপার্টমেন্ট অব স্টেট (Department of State), ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন (Department of Transportation), ডিপার্টমেন্ট অব হেলথ (Department of Health), নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA) এবং নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority, NYPA)-এর মতো সংস্থার সাথে HCR প্রোগ্রামের পৃষ্ঠপোষকতায় আরো কয়েকটি স্টেটীয় সংস্থায় যোগদান করে।

**নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন কমিশনার বাসিল সেগোস বলেন,** "DEC ক্লাইমেট স্মার্ট কমিউনিটি টিমে যোগদানের জন্য হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালকে এবং সার্টিফাইড কমিউনিটির কাজ উদযাপন করে যারা স্টেট জুড়ে মিউনিসিপ্যালগুলোর মডেল হিসেবে কাজ করছে তাদেরকে সাধুবাদ জানায়। এই স্থানীয় জলবায়ু সংশ্লিষ্ট নেতাগণ তাদের কমিউনিটির উপকার করতে এবং আমাদের পরিবর্তিত জলবায়ুর দুর্যোগ থেকে তাদের রক্ষা করার জন্য পরিবেশবান্ধব এনার্জি, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমাতে এবং জলবায়ু সহনশীলতা প্রকল্প বাস্তবায়নের জন্য কাজ করছে।"

**নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অব হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল কমিশনার রুথঅ্যান ভিসনাউস্কাস বলেন,** "স্টেটের ক্লাইমেট স্মার্ট কমিউনিটি প্রোগ্রামে যোগদান করতে এবং তাদের নিজস্ব বাড়ির উঠোনে জলবায়ু পরিবর্তনের প্রভাব কমাতে ও মোকাবেলা করতে সহায়তা করবে এমন পদক্ষেপগুলো বাস্তবায়নে নিউ ইয়র্ক জুড়ে স্থানীয় সরকারগুলোর সাথে কাজ করতে পেরে HCR গর্বিত৷ জলবায়ু পরিবর্তনের প্রভাবগুলোকে গুরুত্ব সহকারে নেওয়ার প্রতিশ্রুতির জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ এবং আজ সম্মানিত 19টি নতুন ক্লাইমেট স্মার্ট কমিউনিটিকে অভিনন্দন।"

2009 সালে স্থাপিত ইন্টারএজেন্সি জলবায়ু স্মার্ট সম্প্রদায় কর্মসূচি স্থানীয় সরকারসমূহকে স্থানীয়ভাবে চালিত জলবায়ু পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা ও কারিগরি সমর্থন প্রদান করে। একটি জলবায়ু স্মার্ট সম্প্রদায় হয়ে উঠার প্রথম ধাপ হলো নিঃসরণ হ্রাস করা এবং জলবায়ু পরিবর্তনের সাথে অভিযোজন করার প্রতিজ্ঞা করে নিবন্ধন করা। আজ পর্যন্ত, 9.4 মিলিয়নেরও বেশি নিউ ইয়র্কবাসীর প্রতিনিধিত্বকারী 377টি স্থানীয় সরকার ক্লাইমেট স্মার্ট কমিউনিটির প্রতিশ্রুতি দিয়েছে। জলবায়ু সংক্রান্ত পদক্ষেপ গ্রহণকারী কমিউনিটির কৃতিত্বগুলো নথিভুক্ত ও উদযাপন করতে সার্টিফিকেশন প্রোগ্রামটি 2014 সালে চালু করা হয়েছিল। আজকের নতুন কমিউনিটির সংযোজন নিউ ইয়র্কের সার্টিফাইড ক্লাইমেট স্মার্ট কমিউনিটির মোট সংখ্যা 118 - 10 সিলভার স্তরে এবং 108 ব্রোঞ্জ স্তরে নিয়ে আসে৷

ক্লাইমেট স্মার্ট কমিউনিটি সার্টিফিকেশন প্রোগ্রাম সম্পর্কে আরো তথ্য জানতে, যান এখানে।

ক্লাইমেট স্মার্ট কমিউনিটি কোঅর্ডিনেটরগণ স্টেট জুড়ে মিউনিসিপ্যালিটিগুলোকে বিনামূল্যে প্রযুক্তিগত সহায়তা প্রদান করে এবং গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানোর পদক্ষেপ নিতে এবং প্রচার, পরিকল্পনা, শিক্ষাদান ও সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাইয়ে নিতে স্থানীয় সরকারকে সহায়তা করে। ক্লাইমেট স্মার্ট কমিউনিটি কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করতে, এখানে যান।

**NYSERDA ক্লিন এনার্জি কমিউনিটি প্রোগ্রাম**
এছাড়াও আজকে স্বীকৃত সমস্ত কমিউনিটি NYSERDA-এর ক্লিন এনার্জি কমিউনিটি প্রোগ্রামে অংশগ্রহণ করে যা স্থানীয় সরকারগুলোকে ক্লিন এনার্জি অ্যাকশন বাস্তবায়ন করতে এবং এনার্জি সংশ্লিষ্ট ব্যয় সাশ্রয়ে সহায়তা করে। সার্টিফাইড ক্লাইমেট স্মার্ট কমিউনিটির পাশাপাশি 19টির মধ্যে 18টি ক্লিন এনার্জি কমিউনিটি মনোনীত। যে কমিউনিটিগুলো কমপক্ষে চারটি NYSERDA-চিহ্নিত উচ্চ-প্রভাব সংশ্লিষ্ট কার্যক্রমগুলো সম্পন্ন করে তাদের ক্লিন এনার্জি কমিউনিটি হিসেবে মনোনীত করা হয় এবং নিম্ন-কার্বন ভিত্তিক কৌশলগুলো প্রণয়নে সহায়তার জন্য তারা অনুদান পাওয়ার যোগ্য। NYStretch এনার্জি কোড (NYStretch Energy Code) গ্রহণ করা এবং ক্লিন এনার্জি কমিউনিটি ক্যাম্পেইন করার মতো কাজকে সমর্থন করার জন্য অনুদান পাওয়া যায়। সুবিধাবঞ্চিত কমিউনিটির জন্য অতিরিক্ত তহবিলও পাওয়া যায়। ক্লিন এনার্জি ফান্ড এবং রিজিওনাল গ্রীনহাউস গ্যাস ইনিশিয়েটিভের মাধ্যমে তহবিল সরবরাহ করা হয়।

**NYSERDA-এর সভাপতি এবং সিইও ডোরেন এম. হ্যারিস বলেন,** "জলবায়ু পরিবর্তনের প্রভাবের বিরুদ্ধে জোরালো পদক্ষেপ গ্রহণের জন্য এই 19টি কমিউনিটিকে সনাক্ত করতে পেরে আমি উচ্ছ্বসিত এবং ক্লাইমেট স্মার্ট কমিউনিটি প্রোগ্রামে তাদের সমর্থনের জন্য নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালকে সাধুবাদ জানাই। ক্ষতিকর গ্যাস নির্গমন হ্রাস করা এবং স্থানীয় স্থিতিস্থাপকতা তৈরির অগ্রাধিকার যা আমরা একসাথে অর্জন করতে পারি এবং প্রতিটি অবদান আমাদের সকল নিউ ইয়র্কবাসীর জন্য একটি টেকসই ভবিষ্যত গঠনের কাছাকাছি পৌঁছে দেয়।"

**DEC ক্লাইমেট স্মার্ট কমিউনিটি ফান্ডিং প্রোগ্রাম**
আজকের সার্টিফাইড কমিউনিটিগুলোর মধ্যে দুইটি, টাউন অব বেডফোর্ড এবং মনরো কাউন্টি, DEC ক্লাইমেট স্মার্ট কমিউনিটি গ্রান্ট প্রোগ্রামের মাধ্যমে অর্থায়ন পেয়েছে৷ 2016 সালে প্রতিষ্ঠিত, এই 50/50 ম্যাচিং গ্রান্ট প্রোগ্রামটি মিউনিসিপ্যালিটিগুলোকে সার্টিফিকেশন কার্যক্রমগুলো সম্পূর্ণ করতে এবং প্রকল্পগুলো বাস্তবায়নে সহায়তা করে যা গ্রিনহাউস গ্যাস নির্গমন হ্রাস করে এবং জলবায়ু পরিবর্তনের প্রভাবগুলোর প্রতি স্থিতিস্থাপকতা তৈরি করে৷ 2019 সালে, ফুড স্ক্র্যাপ রিসাইক্লিং পাইলট প্রোগ্রামের জন্য বেডফোর্ড 37,422 মার্কিন ডলার অনুদান পেয়েছে। 2019 সাল থেকে, মনরো কাউন্টি পাঁচটি ক্লাইমেট স্মার্ট কমিউনিটির অনুদান প্রকল্পের জন্য মোট প্রায় 797,000 মার্কিন ডলার পেয়েছে। সমগ্র কাউন্টির জন্য তিনটি পরিকল্পনা ভিত্তিক নথি তৈরি করার জন্য এটির সাম্প্রতিক অনুদানগুলো: একটি জলবায়ু ঝুঁকি মূল্যায়ন, একটি জলবায়ু সহনশীলতামূলক পরিকল্পনা এবং একটি জৈব ব্যবস্থাপনা পরিকল্পনা৷

আজকের সার্টিফাইড কমিউনিটির নয়টি পূর্ববর্তী বছরগুলোতে DEC-এর মিউনিসিপ্যাল জিরো-এমিশন ভেহিকল (ZEV) প্রোগ্রামের অধীনে অনুদান পেয়েছে। ZEV প্রোগ্রাম জনসাধারণের ব্যবহারের জন্য বৈদ্যুতিক-গাড়ি চার্জিং স্টেশন ইনস্টল করার জন্য অনুদান সরবরাহ করে। মিউনিসিপ্যাল ফ্লিটগুলোর জন্য বৈদ্যুতিক গাড়ি ক্রয় বা ইজারা দেওয়ার ক্ষেত্রেও ছাড় প্রাপ্তি এই প্রোগ্রামের আওতাভুক্ত। উদাহরণস্বরূপ, বেডফোর্ড শহরটি 2017 থেকে 2019 সালের মধ্যে তিনটি বৈদ্যুতিক গাড়ির জন্য ছাড় এবং তিন লেভেলের 2 ইলেকট্রিক গাড়ির চার্জিং স্টেশনের অনুদানের জন্য প্রায় 46,000 মার্কিন ডলার পেয়েছে।

ক্লাইমেট স্মার্ট কমিউনিটি প্রোগ্রাম (Climate Smart Communities Program)-এর সাথে যুক্ত ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনসারভেশন (Department of Environmental Conservation, DEC)-অর্থায়নকৃত প্রোগ্রামগুলোর বিষয়ে আরো তথ্য জানতে, যান এখানে।

**সুবিধাবঞ্চিত কমিউনিটি**

আজকের সার্টিফাইড কমিউনিটিগুলোর মধ্যে সাতটি এমন আশেপাশের এলাকাগুলোকে অন্তর্ভুক্ত করে যা নিউ ইয়র্কের ক্লাইমেট জাস্টিস ওয়ার্কিং গ্রুপের সুবিধাবঞ্চিত কমিউনিটির মানদণ্ড পূরণ করে৷ সম্প্রতি চূড়ান্ত করা সুবিধাবঞ্চিত কমিউনিটির মানদণ্ড সম্পর্কে আরো তথ্য এবং ক্লাইমেট জাস্টিস ওয়ার্কিং গ্রুপ সংশ্লিষ্ট তথ্য জানতে জলবায়ু বিষয়ক আইনের ওয়েবসাইটটি দেখুন।

**নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা**

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু এজেন্ডা একটি সুশৃঙ্খল ও ন্যায্য পরিবর্তনের দাবি জানায় যেটি পরিবার চালানোর উপযোগী কর্মসংস্থান তৈরি করবে, সব খাতে সবুজ অর্থনীতি লালন করা অব্যাহত রাখবে এবং নির্মল জ্বালানি ও জ্বালানি দক্ষতা সংক্রান্ত বিনিয়োগের 40 শতাংশ সুফল পৌঁছে দেওয়ার লক্ষ্য স্থির রেখে অন্তত 35 শতাংশ যেন সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলোর কাছে পৌঁছায় তা নিশ্চিত করবে। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও নির্মল জ্বালানি উদ্যোগগুলোর দিকনির্দেশনায়, নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে শূন্য-নির্গমনসম্পন্ন বিদ্যুৎ খাত অর্জনের পথে রয়েছে, যার মধ্যে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতাব্দির মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিজুড়ে কার্বন নিরপেক্ষতা অর্জন করা অন্তর্ভুক্ত রয়েছে।

এই পরিবর্তনের একটি ভিত্তি হলো নিউ ইয়র্কের অভূতপূর্ব নির্মল জ্বালানি বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 120টি বড়-মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 35 বিলিয়ন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 1.8 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগ৷ এগুলো এবং অন্যান্য বিনিয়োগ 2021 সালে নিউ ইয়র্কের নির্মল জ্বালানি খাতে 165,000 এরও বেশি চাকরি, এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি সমর্থন করছে।

এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে

বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। অংশীদারিত্বগুলো বায়ু দূষণকে টার্গেট করতে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করার জন্য স্টেটজুড়ে প্রায় 400টি নিবন্ধিত ও 100টিও বেশি সার্টিফাইড ক্লাইমেট স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটি, এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি এয়ার মনিটরিং ইনিশিয়েটিভ (community air monitoring initiative)-এর মাধ্যমে নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন